

## ভবিষ্যৎ পরিকল্পনা

- বর্তমান বিশ্বে সরকারি ও বেসরকারি পরিকল্পনা প্রণয়ন এবং উন্নয়ন প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন ও মূল্যায়নের ক্ষেত্রে পরিসংখ্যানের গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। ২০০০ সালে গৃহীত ‘সহস্রাব্দ উন্নয়নলক্ষ্য মাত্রা (Millennium Development Goals-MDG) এর বিভিন্ন সূচক পরিসংখ্যানের উপর ভিত্তি করে চূড়ান্ত করা হয়। এরই ধারাবাহিকতায় গৃহীত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goals -SDGs) এর অগ্রগতি মূল্যায়নে পরিসংখ্যানের গুরুত্ব অনেক বৃদ্ধি পেয়েছে। এ লক্ষ্যে একটি ‘নতুন তথ্য বিপ্লব’ (New Data Revolution) এর আহবান জানানো হয়েছে এবং সার্বিক পরিসংখ্যান ব্যবস্থার উন্নয়নের জন্য সহযোগিতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। বর্তমানে BBS এই পরিকল্পনা বাস্তবায়নের কাজ করছে। এছাড়াও প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১, ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ২০১৬-২০২০, রূপকল্প ২০২১ সহ সকল জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক রোড ম্যাপের সাথে সামঞ্জস্যপূর্ণ পরিসংখ্যান প্রণয়ন করা। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো মাঠ পর্যায়ের অফিস সমূহ যথা বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, জেলা পরিসংখ্যান কার্যালয়, উপজেলা পরিসংখ্যান কার্যালয় সদর দপ্তর হতে গৃহীত পরিকল্পনা অনুযায়ী তথ্য উপাত্ত সংগ্রহ ও পরিসংখ্যানিক কার্যে সহায়তা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ।
- সদর দপ্তর থেকে গৃহীত পরিকল্পনা অনুযায়ী উপজেলা পরিসংখ্যান অফিস সমূহ পরিকল্পনা গ্রহণ করে থাকে।